# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় — ২ ঘন্টা ১০ মিনিট　　　সৃজনশীল প্রশ্ন　　　পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶ চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :**




ক. শিল্প বিপ্লব নামকরণ কে করেন? ১

খ. পেশাগত দুর্ঘটনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ? চিহ্নিত স্থানটি যথার্থ প্রত্যয় দিয়ে পূরণ করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজকর্ম শিক্ষার বিকাশ বিশ্লেষণপূর্বক প্রদত্ত ছকটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**২.▶** সাইদ সাহেবের দুই ছেলে। বড় ছেলে দেশে কৃষি কাজে নিয়োজিত। ছোট ছেলে ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি নিয়ে কৃষি মন্ত্রণালয়ের অধীনে উপজেলা কৃষি অফিসার হিসেবে চাকরি করে। সাইদ সাহেব বড় ছেলের সঙ্গে কৃষি কাজ দেখাশোনা করেন। সনাতন পদ্ধতিতে চাষাবাদ করায় কৃষি উৎপাদন তেমন বৃদ্ধি পান না। সাইদ সাহেবের ছোট ছেলে আধুনিক পদ্ধতির চাষাবাদ ও মৎস্য চাষ বিষয়ে গ্রামীণ পর্যায়ের কৃষিজীবীদের প্রশিক্ষণ দেন।

ক. বৃত্তি কী? ১


খ. পেশার "সামাজিক স্বীকৃতি" বৈশিষ্ট্যটি বুঝিয়ে লেখ। ২

http://teachingbd.com

গ. অনুচ্ছেদে পাঠ্যবইয়ের কোন আলোচ্য বিষয়ের প্রতিফলন ঘটেছে? উদাহরণসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. সাইদ সাহেবের দুই ছেলের কাজের পার্থক্য পেশার বৈশিষ্ট্যের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৩. ▶ ছকটি পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. সমাজকর্মের সাম্প্রতিক কার্যকর সংজ্ঞা কে প্রদান করেছেন? ১

খ. সমাজকর্ম শিক্ষা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে তোমার কোন পাঠ্যবিষয়ের সমস্যা সমাধান প্রক্রিয়ার প্রতিফলন ঘটেছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়টির স্বতন্ত্র বৈশিষ্ট্যসমূহ পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪. ▶ দর্শন বিষয়ে এমএ পাস রহিম সাহেব একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা। চাকরি শেষে তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হয়েছেন। তিনি তার এলাকায় বিভিন্ন সমাজসেবামূলক কার্যাবলি বাস্তবায়ন করে দুঃস্থ মানুষের উপকার করছেন। এলাকার জনগণ তাকে সৎ মানুষ হিসেবে সম্মান করে। বয়স্কভাতা, রিলিফ, কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি, বিধবা ও স্বামী পরিত্যক্ত মহিলাদের ভাতা প্রভৃতি কার্যক্রম বাস্তবায়নে রহিম সাহেব তত্ত্বাবধায়কের ভূমিকা পালন করেন। কিন্তু এলাকার অল্প বয়সের ছেলেমেয়েদের বিয়ে তিনি বন্ধ করতে পারছেন না।

Teachingbd.com

ক. *Introduction to Social Welfare* গ্রন্থের লেখক কে? ১

খ. সমাজকর্ম ও সমাজকল্যাণের মূল পার্থক্য কী? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কার্যক্রমগুলো সমাজকর্মের কোন ধারণার সাথে সংশ্লিষ্ট— ব্যাখ্যা কর। ৩

ঘ. বাল্য বিয়ে বন্ধে রহিম সাহেবের ব্যর্থতার কারণ কী হতে পারে? পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৫.▶ ছকটি পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. Demography শব্দের অর্থ কী? ১
খ. পৌরনীতিকে কেন নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয়? ২
গ. উদ্দীপকে ? চিহ্নিত স্থানে প্রযোজ্য প্রত্যয়টি ব্যাখ্যা কর। ৩
ঘ. "গাছের সাথে শাখার যেমন সম্পর্ক, তেমনি ? চিহ্নিত স্থানে প্রযোজ্য প্রত্যয়টির সাথে বৃত্ত চিহ্নিত বিষয়গুলোর এমন সম্পর্ক"— পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬.▶ কাজল মিয়া কাঠ কেটে মধু সংগ্রহ করে জীবিকা নির্বাহ করে। সংসারে অভাব-অনটন লেগেই থাকে বলে ছেলেমেয়েদের স্কুলে পাঠাতে পারে না। স্ত্রী উপায়ান্তর না দেখে স্বামীর রোজগার বাড়ানোর জন্য ১টি তাবিজ ঘরের দরজায় ঝুলিয়ে দেন। কিন্তু তার বড় মেয়ে কুসুম মনে করে তাবিজ নয়, উন্নতির জন্য চেষ্টা করতে হবে। তাই সে ঘরের পাশে পড়ে থাকা সামান্য খালি জায়গায় লাউ, মিষ্টি কুমড়া ও কাঁচা মরিচের গাছ লাগায়। ফলে পরিবারের শাক-সবজির চাহিদা পূরণ ছাড়াও বাড়তি আয় হয়।

ক. Anthropology শব্দের অর্থ কী? ১
খ. মনোবিজ্ঞানকে কেন আচরণের বিজ্ঞান বলা হয়? ২
গ. উদ্দীপকে কাজল মিয়ার সমস্যাটি সামাজিক বিজ্ঞানের কোন শাখার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ের জ্ঞানের মাধ্যমেই কাজল মিয়ার পরিবারের সমস্যার অপেক্ষাকৃত স্থায়ী সমাধান সম্ভব— বিশ্লেষণ কর। ৪

৭.▶ দেশের সকল নাগরিককে শিক্ষিত করার লক্ষ্যে সরকার একটি কমিটির মাধ্যমে পথনির্দেশনা তৈরির কাজে লাগালেন। কমিটি পেশাগত জ্ঞান ও দক্ষতার প্রয়োগ ঘটিয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ ও বিবেচনাপূর্বক খসড়া

http://teachingbd.com

দিক-নির্দেশনা তৈরি ও সর্বশেষে তা ২০১০ সালে রাষ্ট্রকর্তৃক অনুমোদিত হয়। এক্ষেত্রে কমিটি সকল শ্রেণি পেশার মানুষের বিভিন্ন পর্যায় মতামত নিয়েছেন।

ক. বাংলাদেশে বিদ্যমান সামাজিক নীতির ১টি উদাহরণ দাও। ১

খ. সামাজিক পরিকল্পনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের কমিটির কিসের দিক নির্দেশনার অনুমোদন পেয়েছেন— ধারণা দাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কার্যক্রমে সমাজকর্মী কীভাবে ভূমিকা রাখতে পারে— আলোচনা কর। ৪

**৮. ▶** সমাজকল্যাণে নিজেকে একান্তভাবে নিয়োগ ও সমাজকর্ম বিষয়ের প্রতি আগ্রহী হয়ে করিম জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ থেকে সমাজকর্মে পোস্টগ্রাজুয়েশন ডিগ্রি সম্পন্ন করে। তিনি তার নিজ সমষ্টিতে অর্জিত পেশাগত জ্ঞান কাজে লাগানোর চেষ্টা করেন। এজন্য শিশু ও প্রতিবন্ধীদের সম্পদ হিসেবে গড়ে তোলা এবং বেকার যুবকদের সংগঠিত করে তাদের স্বকর্মসংস্থানের প্রকল্প হাতে নেন। কিন্তু দেশের আর্থ-সামাজিক অস্থিরতা ও মানুষের তেমন সাড়া না পাওয়ায় তিনি নানাবিধ সমস্যার মুখোমুখি হন।


ক. ভারতের সমাজকর্ম বিষয়ে ১ম শিক্ষা প্রতিষ্ঠানের নাম কী? ১

খ. চীনে সমাজকর্ম বিকাশ না ঘটার একটি কারণ বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে করিমের কাজে পেশার কোন শর্তের ঘাটতি পরিলক্ষিত হয়েছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. করিম সমাজকর্ম অনুশীলনে যেসব বাধা পেয়েছেন তার বাইরে আরো কী কী সমস্যা থাকতে পারে বলে তুমি মনে কর? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯. ▶** নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. *Social Case work: A problem solving process* গ্রন্থটি কে প্রণয়ন করেন? ১

খ. সামাজিক কার্যক্রম প্রত্যয়টি ব্যাখ্যা কর। ২

গ. ছকের ? চিহ্নিত স্থানে উপযুক্ত প্রত্যয় বসিয়ে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কোনো একটি বিষয় বাদ দিয়ে ইঙ্গিতকৃত পদ্ধতির অনুশীলন করা যায় না— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# সমাজকর্ম প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড: ২ ৭ ১

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **সমাজকর্ম কীভাবে ব্যক্তি, দল ও সমষ্টির সমস্যা সমাধানে প্রচেষ্টা চালায়?**
ক অর্থনৈতিক সহযোগিতার মাধ্যমে
খ উৎসাহ প্রদানের মাধ্যমে
গ মানসিক চিকিৎসার মাধ্যমে
ঘ কতকগুলো বিশেষ পদ্ধতি প্রয়োগের মাধ্যমে

২. **সমাজকর্ম পেশা মূলত কী কেন্দ্রিক?**
ক সেবা কেন্দ্রিক　খ সমষ্টি কেন্দ্রিক
গ সমস্যা সমাধান কেন্দ্রিক　ঘ দল কেন্দ্রিক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**

বন্যায় গ্রামের রাস্তার কিছু অংশ ভেঙে যাওয়ায় নিতুনপুর গ্রামের লোকজন সম্মিলিত উদ্যোগে কিছু বাঁশ সংগ্রহ করে সাঁকো তৈরির প্রস্তুতি গ্রহণ করল। বিষয়টি অবলোকন করে সমাজকর্মে স্নাতকোত্তর ডিগ্রিধারী গ্রামের এক যুবক সুশীল স্থানীয় চেয়ারম্যানের দ্বারস্থ হলেন এবং সাঁকোর স্থলে কালভার্ট তৈরির ব্যবস্থা করলেন।

৩. **সুশীলের কাজটিতে নিচের কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে?**
ক উন্নয়ন কর্মকাণ্ডে জনগণের অংশগ্রহণের নিশ্চয়তা বিধান
খ বৈজ্ঞানিক উপায়ে সমস্যার সমাধান
গ সুষ্ঠু সামাজিক ভূমিকা পালন
ঘ আর্থ-সামাজিক উন্নয়ন

৪. **সুশীলের কাজটি—**
i. সময়ের সাথে সামঞ্জস্যপূর্ণ
ii. সমস্যা সমাধানের বৈজ্ঞানিক উপায়
iii. রাজনৈতিক প্রজ্ঞার পরিচায়ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৫. **দারিদ্র্য অবস্থা থেকে মুক্তি পাওয়ার লক্ষ্যে প্রথমে কোন দেশ বিভিন্ন আইন প্রণয়ন করে?**
ক ইংল্যান্ড　খ আমেরিকা
গ শ্রীলঙ্কা　ঘ ভারত

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**

জনাব লোকমান হোসেন একজন দানশীল ব্যক্তি। তিনি তার সম্পদ থেকে দরিদ্রদের মাঝে নগদ টাকা ও শীতবস্ত্র বিতরণ করেন। এছাড়া তিনি বছরের নির্দিষ্ট সময়ে তার কাছে গচ্ছিত অর্থ হতে একটি নির্দিষ্ট অংশ ধর্মীয় আইন অনুসারে ব্যয় করেন গরিব দুঃখীদের কল্যাণার্থে।

৬. **উদ্দীপকে জনাব লোকমান হোসেনের দানটি কোন ধরনের সমাজকল্যাণ?**
ক সনাতন　খ আধুনিক
গ প্রতিকার　ঘ প্রতিরোধ

৭. **উদ্দীপকে জনাব লোকমান হোসেনের বাৎসরিক দানটি সনাতন সমাজকল্যাণের কোন ধরন?**
ক সদকা　খ ওয়াকফ
গ জাকাত　ঘ দানশীলতা

৮. **ভারতবর্ষে সতীদাহ প্রথা উচ্ছেদ আইন পাস হওয়ার সময় তৎকালীন বড় লাট কে ছিলেন?**
ক লর্ড বেন্টিঙ্ক　খ লর্ড ডালহৌসি
গ লর্ড রিপন　ঘ লর্ড মাউন্টব্যাটেন

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**

তপতী ঢাকা মেডিকেল কলেজের সমাজসেবা বিভাগের সমাজকর্মী হিসেবে দায়িত্বে নিয়োজিত। তিনি সমস্যাগ্রস্ত রোগীদের পরামর্শ দান করেন এবং কেস হিস্ট্রি নেন। তিনি প্রায়শই এসব রোগীদের ব্যক্তিগত তথ্য অন্যান্যদের সাথে কথা প্রসঙ্গে বলেন। তিনি ধনী-গরিব নির্বিশেষে সকল রোগীর সাথে সমান আচরণ করেন। একদিন তপতীর এক সহকর্মী তাঁর এ আচরণ পরিবর্তনে সচেষ্ট হতে বলেন।

৯. **সমাজকর্মী হিসেবে তপতীর আচরণে কোন নীতির প্রতি শ্রদ্ধা প্রদর্শিত হয়নি?**
ক গ্রহণ নীতি　খ গোপনীয়তার নীতি
গ যোগাযোগ নীতি　ঘ অংশগ্রহণ নীতি

১০. **উক্ত আচরণ সংশোধনে তপতী কী করতে পারে?**
i. সমাজকর্মের নীতিসমূহের সঠিক প্রয়োগ
ii. সেবাগ্রহিতা থেকে দূরে থাকা
iii. সেবাগ্রহিতার সাথে সুসম্পর্ক গড়ে তোলা
**নিচের কোনটি সঠিক?**
ক i　খ i ও ii
গ ii ও iii　ঘ i, ii ও iii

১১. **সাহায্যকারী পেশা হিসেবে নিচের কোনটি অধিক যুক্তিযুক্ত?**
ক চিকিৎসা　খ সাংবাদিকতা
গ সমাজকর্ম　ঘ ওকালতি

১২. **কত সালে হিন্দু বিধবা বিবাহ আইন পাস হয়?**
ক ১৮২৯　খ ১৮৩৪
গ ১৮৫৬　ঘ ১৮৫৭

১৩. **শিল্প বিপ্লবের ফলে সমাজে কেমন পরিবর্তন আসে?**
ক শৈল্পিক　খ বৈপ্লবিক
গ স্বাভাবিক　ঘ অস্বাভাবিক

১৪. **মায়মুনা সমাজকর্ম বিষয় নিয়ে পড়াশোনা করছে। মায়মুনার বিষয়টি কোন বিজ্ঞানের অন্তর্ভুক্ত?**
ক আচরণ বিজ্ঞান　খ সাধারণ বিজ্ঞান
গ সামাজিক বিজ্ঞান　ঘ প্রাকৃতিক বিজ্ঞান

১৫. **সমাজকর্ম পদ্ধতি কয় প্রকার?**
ক এক　খ দুই
গ চার　ঘ ছয়

১৬. **সবুজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে এমন একটি বিষয় নিয়ে পড়াশোনা করছে যার মূল বিষয়বস্তু 'মানুষ।' সবুজ কোন বিষয়ে লেখাপড়া করছে?**
ক জীববিদ্যা　খ নৃবিজ্ঞান
গ মনোবিজ্ঞান　ঘ সমাজকর্ম

১৭. **পেশার অপরিহার্য বৈশিষ্ট্য হলো—**
ক আনুষ্ঠানিক স্বীকৃতি　খ চাকরি
গ ব্যক্তির মর্যাদা　ঘ অনানুষ্ঠানিক স্বীকৃতি

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**

এরফানের যে সম্পদ রয়েছে তা দিয়ে পরিবারের চাহিদা সম্পূর্ণভাবে পূরণ করা সম্ভব হয় না। তাই সে রোজগারের নতুন কৌশল নিয়ে ভাবছে। তার সমাজকর্মী বন্ধু তাকে এমন কিছু পরামর্শ দিল যা বাস্তবায়ন করলে সীমিত সম্পদেই পরিবারের চাহিদা পূরণ করা সম্ভব হবে।

http://teachingbd.com

১৮. উদ্দীপকে পরিবারটি কীরূপ?
ক) সম্পদশালী খ) দরিদ্র
গ) উচ্চমধ্যবিত্ত ঘ) নিম্নমধ্যবিত্ত

১৯. এরফানের করণীয় হচ্ছে—
i. সম্পদের সদ্ব্যবহার করা
ii. সীমিত সম্পদ কাজে লাগিয়ে অধিক উৎপাদনের কৌশল জানা
iii. বিদেশে গমন করা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. তৌফিকদের দেশে ২০ বছর মেয়াদে একটি পরিকল্পনা নেয়া হয়েছে। তৌফিকদের দেশের পরিকল্পনাটি কোন ধরনের?
ক) স্বল্পমেয়াদি খ) ক্ষুদ্র মেয়াদি
গ) মধ্যমেয়াদি ঘ) দীর্ঘমেয়াদি

২১. ইকবাল সাহেব যে সমাজে বাস করেন তা বিভিন্ন সমস্যায় জর্জরিত। ইকবাল সাহেবের সমাজের সমস্যা সমাধানের জন্য প্রয়োজন নিচের কোনটি?
ক) সমাজকর্মীর খ) চিকিৎসার
গ) উকিলের ঘ) শিক্ষকের

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**

রহিম সাহেব তার সম্পত্তির দান করেন আইনগতভাবে। বাকি অংশ দিয়ে তিনি একটি সেবাকেন্দ্র স্থাপন করেন। সেখান থেকে গরিব-দুঃখীরা সেবা পায়।

২২. উদ্দীপকে রহিম সাহেবের দানটি সনাতন সমাজকল্যাণের কোন ধরন?
ক) জাকাত খ) সদকাহ
গ) ওয়াকফ ঘ) দানশীলতা

২৩. উদ্দীপকে রহিম সাহেবের সেবাকেন্দ্র স্থাপন কোন প্রকারের সমাজকল্যাণ?
ক) সনাতন খ) আধুনিক
গ) পেশাদার ঘ) পুনর্বাসনমূলক

২৪. 'Lectures on the Industrial Revolution in English'-এ গ্রন্থটি কত সালে কে লেখেন?
ক) ১৭৬০ সালে Arnold Toynbee
খ) ১৮৫০ সালে Arnold Toynbee
গ) ১৮৮৪ সালে Arnold Toynbee
ঘ) ১৯১৮ সালে Arnold Toynbee

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। কিন্তু এখানে ভবঘুরে, ছিন্নমূল, বেকার, ভিক্ষুক, ইত্যাদি শ্রেণির সংখ্যা অনেক। এই শ্রেণি বিভিন্ন প্রকার সামাজিক সমস্যা সৃষ্টি করছে। উক্ত সমস্যা কাটিয়ে ওঠার প্রয়াসে বাংলাদেশের আইন প্রণয়নকারী কর্তৃপক্ষ ইংল্যান্ডের ইতিহাসের আলোকে একটি দরিদ্র আইন প্রণয়ন করলেন। কিন্তু আইনটি বাস্তবায়নের পর দেখা গেল উক্ত আইনের কিছু দুর্বল দিক রয়ে গেছে। পরবর্তীতে বিশেষজ্ঞরা ইংল্যান্ডের ইতিহাস পর্যালোচনা করে অপর একটি আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করলেন।

২৫. বাংলাদেশের ভবঘুরে ও দরিদ্রদের সমস্যা মোকাবেলায় যে আইনের কথা উদ্দীপকে উল্লেখ করা হয়েছে তা ইংল্যান্ডের কোন আইনের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক) ১৫৬২ সালের বসাত আইন
খ) এলিজাবেথীয় দরিদ্র আইন ১৬০১
গ) ১৮৩৪ সালের দরিদ্র আইন
ঘ) বিভারিজ রিপোর্ট ১৯৪২

২৬. উদ্দীপকে যে আইনের কথা বলা হয়েছে তোমার পাঠ্যবইয়ে সেই আইনের দুর্বল দিক কাটিয়ে উঠতে কোন আইন ইংল্যান্ডে প্রণয়ন করা হয়েছিল?
ক) ১৬০১ সালের দরিদ্র আইন
খ) ১৮৩৪ সালের দরিদ্র আইন
গ) জাতীয় বিমা আইন ১৯১১
ঘ) বিভারিজ রিপোর্ট ১৯৪২

২৭. স্পীনহ্যামল্যান্ড এ্যাক্ট কত সালের?
ক) ১৬০১ খ) ১৬৬২
গ) ১৭৯৫ ঘ) ১৮৩৪

২৮. আধুনিক সমাজকর্মের জন্মদাতা কোনটি?
ক) রেনেসা খ) শিল্প বিপ্লব
গ) দানশীলতা ঘ) মানবতাবোধ

২৯. পেশাদার সমাজকর্মের প্রয়োজন অনুভূত হয় কখন?
ক) শিল্প বিপ্লবের আগে খ) শিল্প বিপ্লবের পরে
গ) প্রথম বিশ্বযুদ্ধের পর ঘ) দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর

৩০. সমাজকর্মের পরিধি কীরূপ?
ক) ক্ষুদ্র খ) সীমিত
গ) নাতিদীর্ঘ ঘ) ব্যাপক

৩১. 'সমাজকর্ম গবেষণার' ইংরেজি প্রতিশব্দ কী?
ক) Social Research
খ) Social Welfare Research
গ) Social Work Research
ঘ) Research

৩২. কোনটির জন্য ব্যবহারিক শিক্ষা অপরিহার্য?
ক) অপেশাদার সমাজকর্ম
খ) পেশাদার সমাজকর্ম গ) সনাতন সমাজকল্যাণ
ঘ) স্বেচ্ছাসেবী

৩৩. সমষ্টি সমাজকর্ম কয় প্রকার?
ক) এক খ) দুই
গ) তিন ঘ) চার

৩৪. ব্যক্তি সমাজকর্মের মুখ্য উপাদান কী?
ক) ব্যক্তি খ) দল
গ) সংগঠন ঘ) প্রশাসন

৩৫. ব্যক্তি শব্দের ইংরেজি প্রতিশব্দ কী?
ক) Son খ) Person
গ) Personality ঘ) Man

৩৬. দল সমাজকর্মের প্রধান উপাদান কী?
ক) ব্যক্তি খ) মানুষ
গ) দল ঘ) সংগঠন

৩৭. সামাজিক নীতি কাদের স্বার্থ রক্ষায় প্রচেষ্টা চালায়?
ক) শিশুদের খ) নারীদের
গ) প্রবীণদের ঘ) সকল মানুষের

৩৮. সমাজসেবার চালিকাশক্তি কী?
ক) ব্যক্তিগত নীতি খ) দলীয় নীতি
গ) সামাজিক নীতি ঘ) রাজনৈতিক নীতি

৩৯. সামাজিক নীতি কিরূপ?
ক) স্থির খ) অটল
গ) প্রক্রিয়াশীল ঘ) গতিশীল

৪০. পেশা হিসেবে সমাজকর্ম কীরূপ?
ক) নবীন খ) প্রবীণ
গ) পুরাতন ঘ) আদিম

Teachingbd.com

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ |
| ২১ | ক | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | ক |

http://teachingbd.com